

■ সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৪৩৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৭৯৬]

৫২/ তাফসীর (تفسير)

পরিচ্ছেদঃ আল্লাহ্ তা'আলার বাণীঃ তোমরা কোন বিষয় প্রকাশ কর অথবা গোপন রাখ, আল্লাহ্ সকল বিষয়ে জ্ঞাত। নবী (সা:) এর পত্নীদের জন্য কোন গুনাহ নেই, তাদের পিতা, পুত্র, ভাই ভাতিজা, ভাগিনা, সাধারণ মহিলা এবং দাসীদের ব্যাপারে তোমরা আল্লাহকে ভয় কর। নিশ্চয়ই আল্লাহ্ সবকিছু দেখেন।

بَابْ قُولِهِ إِنْ تَبْدُوا شَيْئاً أَوْ تَخْفُوهُ فَإِنَّ اللَّهَ كَانَ بِكُلِّ شَيْءٍ عَلَيْهِمَا لَا جَنَاحَ عَلَيْهِمْ فِي آبَائِهِنَّ
وَلَا أَبْنَاءِهِنَّ وَلَا إِخْوَانَهُنَّ وَلَا أَبْنَاءَ إِخْوَانَهُنَّ وَلَا نِسَاءَهُنَّ وَلَا مَلَكَ
أَيْمَانَهُنَّ وَاتَّقِنَ اللَّهَ إِنَّ اللَّهَ كَانَ عَلَى كُلِّ شَيْءٍ شَهِيداً

আরবী

حَدَّثَنَا أَبُو الْيَمَانُ، أَخْبَرَنَا شُعَيْبٌ، عَنِ الزُّهْرِيِّ، حَدَّثَنِي عُرْوَةُ بْنُ الزُّبِيرِ، أَنَّ عَائِشَةَ -
رضي الله عنها - قَالَتْ اسْتَأْذِنَنَّ عَلَى أَفْلَحٍ أَخُو أَبِي الْقَعِيسِ بَعْدَ مَا أُنْزِلَ الْحِجَابُ، فَقُلْتُ
لَا آذِنُ لَهُ حَتَّى أَسْتَأْذِنَ فِيهِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَإِنَّ أَخَاهُ أَبَا الْقَعِيسِ لَيْسَ هُوَ
أَرْضَعَنِي، وَلَكِنْ أَرْضَعَتْنِي امْرَأَةُ أَبِي الْقَعِيسِ، فَدَخَلَ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ
فَقُلْتُ لَهُ يَا رَسُولَ اللَّهِ، إِنَّ أَفْلَحَ أَخَا أَبِي الْقَعِيسِ اسْتَأْذِنَنَّ، فَأَبَيْتُ أَنْ آذَنَ حَتَّى أَسْتَأْذِنَكَ
فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "وَمَا مَنَعَكَ أَنْ تَأْذِنَيْ عَمْكَ". قُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنَّ
الرَّجُلَ لَيْسَ هُوَ أَرْضَعَنِي، وَلَكِنْ أَرْضَعَتْنِي امْرَأَةُ أَبِي الْقَعِيسِ. فَقَالَ "أَذْنِي لَهُ فَإِنَّهُ
عَمْكِ، تَرِبَتْ يَمِينُكِ". قَالَ عُرْوَةُ فَلِذِلِكَ كَانَتْ عَائِشَةُ تَقُولُ حَرَّمُوا مِنَ الرَّضَاعَةِ مَا
تُحَرِّمُونَ مِنَ النَّسَبِ.

বাংলা

৪৪৩৭। আবূল ইয়ামান (রহঃ) ... আয়িশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, পর্দার আয়াত অবতীর্ণ হওয়ার পর, আবূল কু'আয়স এর ভাই-আফলাহ আমার কাছে প্রবেশ করার অনুমতি চায়। আমি বললাম, এ ব্যাপারে যতক্ষণ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অনুমতি না দিবেন, ততক্ষণ আমি অনুমতি দিতে পারি না। কেননা তার ভাই আবু কুআয়স সে নিজে আমাকে দুধ পান করান নি। কিন্তু আবূল কু'আয়াসের স্ত্রী আমাকে দুধ পান করিয়েছেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার কাছে আসলেন। আমি তাঁকে বললাম, হে আল্লাহর রাসূল! আবুল

কু'আয়াসের ভাই-আফলাহ্ আমার সাথে দেখা করার অনুমতি চাইছিল। আমি এ বলে অস্বীকার করেছি যে, যতক্ষণ আপনি এ ব্যাপারে অনুমতি না দেবেন, ততক্ষণ আমি অনুমতি দেব না। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমার চাচাকে (তোমার সাথে দেখা করার) অনুমতি দিতে কিসে বাধা দিয়েছে? আমি বললাম, সে ব্যাকি তো আমাকে দুধ পান করাননি; কিন্তু আবুল কু'আয়াসের স্ত্রী আমাকে দুধ পান করিয়েছে। এরপর তিনি (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তোমার হাত ধূলি ধূসরিত হোক, তাকে অনুমতি দাও, কেননা, সে তোমার চাচা। উরওয়া বলেন, এ কারণে আয়িশা (রাঃ) বলতেন বংশের দিক দিয়ে যা হারাম মনে কর, দুধ পানের কারণেও তা হারাম জান।

English

Narrated `Aisha:

Aflah, the brother of Abi Al-Qu`ais, asked permission to visit me after the order of Al-Hijab was revealed. I said, "I will not permit him unless I take permission of the Prophet (ﷺ) about him for it was not the brother of Abi Al-Qu`ais but the wife of Abi Al-Qu`ais that nursed me." The Prophet (ﷺ) entered upon me, and I said to him, "O Allah's Messenger (ﷺ)! Aflah, the brother of Abi Al-Qu`ais asked permission to visit me but I refused to permit him unless I took your permission." The Prophet (ﷺ) said, "What stopped you from permitting him? He is your uncle." I said, "O Allah's Messenger (ﷺ)! The man was not the person who had nursed me, but the woman, the wife of Abi Al-Qu`ais had nursed me." He said, "Admit him, for he is your uncle. Taribat Yaminuki (may your right hand be saved)" `Urwa, the sub-narrator added: For that `Aisha used to say, "Consider those things which are illegal because of blood relations as illegal because of the corresponding foster relations."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিন্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=4715>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন